

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭।
(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

তারিখঃ ২২/০২/২০১৫ খ্রিঃ।

স্মারক নং-৮০.১০৯.০১১.০০.০০.০০১.২০১২/৭৬

বিষয় : অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের মনিটরিং সেলের ১ম শ্রেণীর সিনিয়র কম্পিউটার অপারেটর পদে লিখিত পরীক্ষা গ্রহণ সংক্রান্ত।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের মনিটরিং সেলের ১ম শ্রেণীর সিনিয়র কম্পিউটার অপারেটর পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের বাংলা-৫০, ইংরেজী-৫০, সাধারণজ্ঞান-৪০ ও কম্পিউটার সায়েন্স বিষয়ে-৬০ অর্থাৎ মোট ২০০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার কেন্দ্র, পদের নাম এবং তারিখ ও সময় নিম্নরূপ :-


কেন্দ্রের নাম	পদের নাম	তারিখ ও সময়
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।	সিনিয়র কম্পিউটার অপারেটর	২৫/০২/২০১৫ তারিখ রোজ - বুধবার সকাল-১০.৩০ ঘটিকা থেকে বেলা ১.৩০ ঘটিকা।

২। ইতোমধ্যে যোগ্য প্রার্থীদের অনুকূলে লিখিত পরীক্ষার প্রবেশপত্র ডাকযোগে প্রেরণ করা হয়েছে। যথাসময়ে প্রবেশপত্র না পাওয়া গেলে আগামী ২২ ও ২৩ ফেব্রুয়ারী, ২০১৫ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ টার মধ্যে দুইকপি সত্যায়িত ছবিসহ পরিচালক, ইউনিট-৯ এর বরাবর আবেদন করে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না। প্রার্থীদের পরীক্ষা সংক্রান্ত সাধারণ নির্দেশাবলী প্রবেশপত্রে উল্লেখ রয়েছে।

৩। লিখিত পরীক্ষা সংক্রান্ত অন্যান্য নির্দেশাবলী এবং যোগ্য ও অযোগ্য প্রার্থীদের তালিকা www.bpsc.gov.bd এই ওয়েব সাইটে পাওয়া যাবে।

[পড়াশুনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।]

[চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]


(শেখ শাখাওয়ার হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)।